



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

টেইলারিং এবং ডেসমেকিং

লেভেল –০২

মডিউল শিরোনামঃ কামিজ তৈরি করণ

(Module: Making Kameez)

মডিউল কোড: CBLM- OU-INF-TDM-05-L2-V



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধান উপদেষ্টার কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধান উপদেষ্টার কার্যালয়।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nstda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“কামিজ তৈরি করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে টেইলারিং এবং ডেসমেকিং লেভেল-২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি কামিজ তৈরি করার জন্য মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। এছাড়াও এতে বিশেষ করে কামিজের প্রস্তুতি, কাপড় কাটা, কামিজ সেলাই করা এবং কাজের স্থান পরিষ্কার ও সরঞ্জাম সংরক্ষণ করা অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	v
মডিউল কন্টেন্ট	১
শিখনফল (Learning Outcome)- ১ : কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে	৩
ইনফরমেশন শিট (Information Sheet) ১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা.....	৬
সেলফ চেক (Self Check)- ১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা	১৪
উত্তরপত্র (Answer Key)-১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা	১৫
টাস্ক শিট ১.১: গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত করুন.....	১৬
টাস্ক শিট ১.২: ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করুন.....	১৭
টাস্ক শিট ১.৩: শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন	১৮
স্পেশিফিকেশন শিট ১.৩: শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন.....	১৯
টাস্ক শিট ১.৪: পরিমাপ অনুযায়ী সিল্ক ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন	২০
স্পেশিফিকেশন শিট ১.৪: পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন	২১
শিখনফল ২ : কাপড় কাটতে পারবে	২২
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: কাপড় কাটতে পারা.....	২৩
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কাপড় কাটতে পারা” শেখার উপকরণ প্রদান করবেন.....	২৩
ইনফরমেশন শিট (Information Sheet): ২: কাপড় কাটতে পারা	২৪
সেলফ চেক শিট (Self Check Sheet)- ২: কাপড় কাটা	২৯
উত্তর পত্র (Answer Key)- ২: কাপড় কাটা	৩০
টাস্ক শিট ২.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন	৩১
স্পেশিফিকেশন শিট ২.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন	৩২
শিখনফল -৩: কামিজ সেলাই করা.....	৩৩
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: কামিজ সেলাই করা.....	৩৫
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কামিজ সেলাই করা” শেখার উপকরণ প্রদান করবেন.....	৩৫
ইনফরমেশন শিট (Information Sheet): ৩: কামিজ সেলাই করা	৩৬
সেলফ চেক শিট (Self Check Sheet)-২: কামিজ সেলাই করা	৪৮
উত্তর পত্র (Answer Key)- ২: কামিজ সেলাই করা.....	৪৯
টাস্ক শিট ৩.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী সেলাই করুন	৫০
স্পেশিফিকেশন শিট ৩.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী সেলাই করুন	৫১
টাস্ক শিট ৩.২: সেলাই ত্রুটি পরীক্ষা করুন এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী সংশোধন করুন.....	৫২
স্পেশিফিকেশন শিট ৩.২: ত্রুটি চিহ্নিত এবং কাজের প্রয়োজন অনুযায়ী সংশোধনমূলক পদক্ষেপ গ্রহন করা	৫৩

টাস্ক শিট ৩.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করুন.....	৫৪
স্পেশিফিকেশন শিট ৩.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করুন.....	৫৫
শিখনফল -৪: কর্মক্ষেত্র পরিষ্কার করে টুলস স্টোরে সংরক্ষণ করতে পারবে	৫৬
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: কর্মক্ষেত্র পরিষ্কার করে টুলস স্টোরে সংরক্ষণ করা	৫৭
১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কর্মক্ষেত্র পরিষ্কার করে টুলস স্টোরে সংরক্ষণ করা” শেখার উপকরণ প্রদান করবেন	৫৭
ইনফরমেশন শিট (Information Sheet): ৪: কর্মক্ষেত্র পরিষ্কার করে টুলস স্টোরে সংরক্ষণ করা	৫৮
সেলফ চেক শিট (Self Check Sheet)-৪: সরঞ্জাম সামগ্রী স্টোরেজে রাখা এবং কাজের জায়গা পরিষ্কার করা	৬২
উত্তর পত্র (Answer Key)- ৪: সরঞ্জাম সামগ্রী স্টোরেজে রাখা এবং কাজের জায়গা পরিষ্কার করা	৬৩
টাস্ক শিট ৪.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করুন.....	৬৪
স্পেশিফিকেশন শিট ৪.১: কাজের জায়গা পরিষ্কার করা	৬৫
টাস্ক শিট ৪.২: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোজ করুন.....	৬৬
স্পেশিফিকেশন শিট ৪.২: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী বর্জ্য পদার্থ ডিসপোজ করুন	৬৭
টাস্ক শিট ৪.৩: টুলস পরিষ্কার করে যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করুন.....	৬৮
স্পেশিফিকেশন শিট ৪.৩: টুলস পরিষ্কার করে যথাযথ স্থানে নিরাপদে সংরক্ষণ করুন	৬৯
দক্ষতা পর্যালোচনা (Review of Competency).....	৭০
সিবিএলএম প্রনয়ন	৭১

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	কামিজ তৈরি করা
ইউ ও সি কোড	OU-INF-TDM-05-L2-V1:
মডিউল শিরোনাম	কামিজ তৈরি করা
মডিউলের বর্ণনা	এই মডিউলে কামিজ তৈরির জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও মনোভাব সম্পর্কে বিস্তারিত বর্ণনা দেয়া। এতে বিশেষ করে কামিজের প্রস্তুতি, কাপড় কাটা, কামিজ সেলাই করা এবং কাজের স্থান পরিষ্কার ও সরঞ্জাম সংরক্ষণ করা অন্তর্ভুক্ত রয়েছে।
নমিনাল সময়	৬০ ঘন্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে ২. কাপড় কাটতে পারবে ৩. কামিজ সেলাই করতে পারবে ৪. কর্মক্ষেত্র পরিষ্কার করে টুলস স্টোরে সংরক্ষণ করতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) সংগ্রহ করা এবং ব্যবহার করা হয়েছে;
২. গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত হয়েছে;
৩. ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করা হয়েছে;
৪. শরীরের পরিমাপ নেওয়া হয়েছে এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করা হয়েছে;
৫. কর্মক্ষেত্র পদ্ধতি অনুযায়ী শরীরের পরিমাপ রেকর্ড করা হয়েছে;
৬. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করা হয়েছে;
৭. কাজের প্রয়োজন অনুযায়ী কাপড় সেলাইর জন্য প্রস্তুতি নেয়া হয়।
৮. প্রয়োজন হিসাবে কাপড় স্থাপন এবং পিন করা হয়েছে;
৯. পরিমাপ অনুযায়ী কাপড় মার্ক করা হয়েছে;
১০. মার্কিং অনুযায়ী কাপড় কাটা হয়েছে;
১১. কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করা হয়েছে;
১২. কর্মক্ষেত্রের মান অনুযায়ী সেলাই মেশিন পরিষ্কার করা হয়েছে;
১৩. কাজের প্রয়োজন অনুযায়ী থ্রেড টেনশন এবং SPI এডজাস্ট করা হয়েছে;
১৪. সঠিক কার্যকারিতা পরীক্ষা করার জন্য মেশিনের ট্রাইয়াল রান করা হয়েছে;
১৫. কাটা কাপড় এবং ম্যাটেরিয়ালস সংগ্রহ করা হয়েছে;
১৬. ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে কামিজ সেলাই করা হয়েছে;
১৭. ডিজাইন অনুযায়ী ট্রিম সংযোগ করা হয়
১৮. প্রয়োজন অনুযায়ী ওভারলকিং করা হয়েছে;
১৯. সেলাই ত্রুটি পরীক্ষা করা হয়েছে; এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী সংশোধন করা হয়েছে;
২০. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করা হয়

২১. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুযায়ী কর্মক্ষেত্র পরিষ্কার করা হয়েছে
২২. টুলস এন্ড এক্সেসরিজ পরিষ্কার করে যথাযথ স্থানে সংরক্ষণ করা হয়েছে
২৩. কর্মক্ষেত্র পদ্ধতির অনুসারে বর্জ্য ডিসপোজ করা হয়েছে

শিখনফল (Learning Outcome)- ১ : কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) সংগ্রহ করা এবং ব্যবহার করা হয়েছে; ২. গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত হয়েছে; ৩. ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করা হয়েছে; ৪. শরীরের পরিমাপ নেওয়া হয়েছে; এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করা হয়েছে; ৫. কর্মক্ষেত্র পদ্ধতি অনুযায়ী শরীরের পরিমাপ রেকর্ড করা হয়েছে; ৬. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করা হয়েছে;
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ/কম্পিউটার ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও এবং ভিডিও ডিভাইস ১০. প্রয়োজনীয় টুলস এন্ড ইকুইপমেন্ট ১১. প্রয়োজনীয় উপকরণ ১২. প্রয়োজনীয় পিপিই
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) <ul style="list-style-type: none"> ▪ ফিংগার গার্ড ▪ এ্যাপ্রোন ▪ স্কার্ফ ২. গ্রাহকদের চাহিদা <ul style="list-style-type: none"> ▪ সিংগল প্যানেল কামিজ ▪ সিঙ্গেল প্যানেলের কামিজ ▪ কাপ্তান কামিজ ▪ গোল কামিজ ▪ বেন্ড কলার কামিজ ৩. ক্লায়েন্টদের বিশেষ চাহিদার <ul style="list-style-type: none"> ▪ পকেট ▪ বোটম লেয়ার ▪ জিপার ▪ ডিজাইন নেক ▪ লেছ ৪. শরীরের পরিমাপ <ul style="list-style-type: none"> ▪ লেংথ/লম্বা

	<ul style="list-style-type: none"> ▪ চেস্ট/বডি ▪ উয়াইস্ট/কোমড় ▪ হিপ ▪ কাধ ▪ স্লিভ লেংথ/হাতা লম্বা ▪ স্লিভ ওপেনিং/মুহুরি ▪ বোটম উডথ/বোটম এরাউন্ড ▪ নেক ডেপথ/গলার লম্বা <p>৫. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করার পদ্ধতি</p> <p>৬. কাপড়ের ধরন</p> <ul style="list-style-type: none"> ▪ পলিয়েস্টার ▪ পপলিন ▪ সিল্ক ▪ TC/ PC (৬৫/ ৩৫) ▪ ভয়েল ▪ লিলেন ▪ জরজেট ▪ লেংথ ওয়াইজ গ্রেইন
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> ১. গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত করুন ২. ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করুন ৩. শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন ৪. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অতীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

শিক্ষণ প্রশিক্ষণ কার্যক্রম(Learning Activities) : ১- কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।




শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ১.১: গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত করুন টাস্ক শিট ১.২: ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করুন টাস্ক শিট ১.৩: শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন টাস্ক শিট ১.৪: পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন

ইনফরমেশন শিট (Information Sheet) ১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

- ১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই)
- ১.২. গ্রাহকদের চাহিদা
- ১.৩. ক্লায়েন্টদের বিশেষ চাহিদা
- ১.৪. শরীরের পরিমাপ
- ১.৫. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করার পদ্ধতি
- ১.৬. কাপড়ের ধরন

১.১. ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই)

সরঞ্জাম		ব্যাখ্যা
ফিংগার গার্ড		ফিংগার গার্ড সেলাইয়ের সময় আঙুলের ক্ষতি থেকে রক্ষা করতে ব্যবহৃত হয়। এটি সাধারণত ছোট আঘাত বা সুইর আঘাত থেকে আঙুল সুরক্ষিত রাখে।
এ্যাপ্রোন		এ্যাপ্রোন হল এমন একটি জামা বা কাপড়, যা শরীরের সামনে অংশে পরা হয় যাতে কাপড় বা শরীর নোংরা না হয়। এটি সাধারণত সেলাই বা রান্নার সময় পরা হয়, যাতে কাপড় পরিষ্কার থাকে এবং গন্ধ বা দাগ না লাগে।
স্কার্ফ		স্কার্ফ সাধারণত সেলাইয়ের সময় মাথা ও গলার চারপাশে পরা হয়, যা মাথা, গলা এবং চুলকে সুরক্ষিত রাখে। এটি একটি গুরুত্বপূর্ণ নিরাপত্তা সরঞ্জাম, কারণ এটি চুলকে সেলাই মেশিনে জড়িয়ে যাওয়া থেকে রক্ষা করে।

১.২. গ্রাহকদের চাহিদা

গ্রাহকের চাহিদা বুঝে ডিজাইন তৈরি করা:

- ধাপ ১: গ্রাহকের পছন্দ এবং মাপ নিয়ে আলোচনা করা।
- ধাপ ২: কামিজের ডিজাইন (যেমন: গলা, হাতা, দৈর্ঘ্য) গ্রাহকের পছন্দ অনুযায়ী নির্ধারণ করা।
- ধাপ ৩: কাপড়, রঙ এবং ডিজাইনের উপাদান নির্বাচন করা যা গ্রাহকের পছন্দের সাথে মেলে।


কামিজ তৈরির পদক্ষেপ:

- ক. ফ্যাব্রিক প্রস্তুতি: কাপড় ধুয়ে পরিষ্কার করে নেয়া, যাতে কোনো রং বা কেমিক্যাল মেশিনে প্রবাহিত না হয়। কাপড়ের সঙ্কুচিত হওয়ার সম্ভাবনা থাকে, তাই প্রথমে ধোয়া উচিত।
- খ. কাটিং: সঠিক পরিমাপ নিয়ে কামিজের প্যাটার্ন অনুযায়ী কাপড় কাটা।
- গ. সেলাই: সেলাইয়ের প্রাথমিক ধাপ শুরু করা (যেমন: সাইড সিম, গলার সেলাই ইত্যাদি)।
- ঘ. ফিনিশিং: কামিজের সীমানা ও ফিনিশিং কাজ, যাতে কামিজের সঠিক আকার এবং সৌন্দর্য বজায় থাকে। সেলাইয়ের পর কাপড়ের কোণ পরিষ্কার করে, এক্সট্রা থ্রেড কাটতে হবে।

১.৩. ক্লায়েন্টদের বিশেষ চাহিদা


কামিজ তৈরি করার সময় বিভিন্ন ক্লায়েন্টের ভিন্ন ভিন্ন প্রয়োজন বা রুচি অনুযায়ী বিশেষ কিছু উপাদান বা ডিজাইন যুক্ত করতে হয়। নিচে কিছু সাধারণ বিশেষ চাহিদার বিস্তারিত দেওয়া হলো:




উপাদান		বিবরণ	ধরন/স্টাইল	ব্যবহারিক গুরুত্ব
পকেট (Pocket)		মোবাইল বা ছোটখাটো জিনিস রাখার সুবিধার্থে কামিজে পকেট সংযোজন করা হয়।	- পাশের পকেট (Side pocket) - সামনের পকেট (Front pocket) - লুকানো পকেট (Hidden pocket)	ব্যবহারিক ও ক্লায়েন্টের চাহিদাভিত্তিক
বটম লেয়ার (Bottom Layer)		কামিজের নিচে অতিরিক্ত কাপড় বা লেয়ার সংযোজন।	- সাধারণত ওড়নার সাথে মিলিয়ে তৈরি হয়	সৌন্দর্য ও শালীনতা বজায় রাখে
জিপার (Zipper)		সহজে পরা ও খোলার সুবিধার্থে কামিজে জিপার ব্যবহার করা হয়।	- পাশের সাইডে - পেছনের অংশে	বিশেষত গর্ভবতী নারী বা অসুবিধাগ্রস্তদের জন্য কার্যকর
ডিজাইন নেক (Design Neck)		ক্লায়েন্টের রুচি ও অনুষ্ঠানের ধরন অনুযায়ী নেক ডিজাইন নির্বাচন।	- গোল নেক (Round Neck) - ভি-নেক (V-Neck)	পোশাকের ফিটিং ও স্টাইল নির্ধারণে গুরুত্বপূর্ণ




			<ul style="list-style-type: none"> - কলার নেক (Collared Neck) - বোট নেক (Boat Neck) - কাটা নেক / লেসযুক্ত নেক 	
লেছ (Lace)		অলংকারধর্মী সেলাই উপাদান যা সৌন্দর্য বৃদ্ধি করে।	<ul style="list-style-type: none"> - সুতার লেছ - পালকি বা ঝালর লেছ - বিডেড লেছ - মেটালিক / সিকুইন লেছ 	কামিজের হাতা, গলা, বা বটমে ব্যবহৃত হয়



১.৪. শরীরের পরিমাপ

একটি কামিজ সঠিকভাবে তৈরির জন্য শরীরের বিভিন্ন অংশের সঠিক পরিমাপ গ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে পোশাকটি আরামদায়ক এবং ফিটিং হয়। নিচে কামিজ তৈরিতে ব্যবহৃত গুরুত্বপূর্ণ পরিমাপগুলোর বিস্তারিত দেওয়া হলো:

পরিমাপের নাম		পরিমাপের পদ্ধতি	ব্যবহার/গুরুত্ব
লেংথ / লম্বা (Length)		গলার হাই পয়েন্ট থেকে কামিজের নিচ পর্যন্ত মাপা হয়।	কামিজের মোট দৈর্ঘ্য নির্ধারণ করে। হিপ, হাঁটু বা গৌড়ালি পর্যন্ত হতে পারে।

<p>চেস্ট / বডি (Chest)</p>		<p>বুকের সবচেয়ে প্রশস্ত অংশে ফিতা ঘুরিয়ে পরিমাপ করা হয়।</p>	<p>কামিজের মেইন বডির সাইজ নির্ধারণে ব্যবহৃত হয়।</p>
<p>ওয়াইস্ট / কোমর (Waist)</p>		<p>কোমরের সবচেয়ে সরু অংশে ফিতা পৌঁচিয়ে মাপা হয়।</p>	<p>ফিটেড কামিজের জন্য অত্যন্ত জরুরি।</p>
<p>হিপ (Hip)</p>		<p>নিতম্বের সবচেয়ে মোটা অংশের চারপাশ পরিমাপ করা হয়।</p>	<p>লম্বা বা ফ্লোরারড কামিজ ডিজাইনের জন্য জরুরি।</p>

<p>কঁধ (Shoulder)</p>		<p>এক কঁধ থেকে অন্য কঁধ পর্যন্ত সোজাভাবে মাপা হয়।</p>	<p>স্লিভ সেটিং ও কামিজের ফিটিং ঠিক রাখতে সহায়তা করে।</p>
<p>স্লিভ লেংথ (Sleeve Length)</p>		<p>কঁধ থেকে কাঙ্ক্ষিত দৈর্ঘ্য পর্যন্ত মাপা হয়।</p>	<p>ফুল, থ্রি-কোয়ার্টার বা শর্ট স্লিভ অনুযায়ী ভিন্নতা থাকে।</p>
<p>স্লিভ ওপেনিং / মুহুরি (Sleeve Opening)</p>		<p>হাতার প্রান্তে হাতের গোলাকৃতি অংশ পরিমাপ করা হয়।</p>	<p>হাতায় স্বচ্ছন্দ চলাচলের জন্য প্রয়োজনীয়।</p>

<p>বটম উইডথ (Bottom Width)</p>		<p>কামিজের নিচের প্রান্তের প্রস্থ মাপা হয়।</p>	<p>কামিজের কাটিং স্টাইল (স্ট্রেইট, ফ্লোরড, এ-লাইন) অনুযায়ী বদলায়।</p>
<p>নেক ডেপথ (Neck Depth)</p>		<p>সামনে ও পেছনের গলার গভীরতা মাপা হয়।</p>	<p>নেক ডিজাইনের ধরন অনুযায়ী ভিন্নতা থাকে (ভি, রাউন্ড, ডীপ ইত্যাদি)।</p>

১.৫. পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করার পদ্ধতি

একটি কামিজ তৈরি করতে ফ্যাব্রিকের সঠিক পরিমাণ নির্ধারণ করা অত্যন্ত জরুরি। কাপড় বেশি বা কম হলে পোশাকের ডিজাইন ও ফিটিংয়ে সমস্যা হতে পারে। নিচে ফ্যাব্রিকের পরিমাণ হিসাব করার ধাপগুলো দেওয়া হলো:

ধাপ ১: শারীরিক পরিমাপ সংগ্রহ করা

প্রথমে ক্লায়েন্টের শরীরের প্রয়োজনীয় অংশের সঠিক পরিমাপ নিতে হবে, যেমন:

- কামিজের লম্বা
- হাতার দৈর্ঘ্য
- গলার ধরন
- ফ্লোর বা স্লিটের প্রয়োজন আছে কিনা

ধাপ ২: ডিজাইন অনুযায়ী কাপড়ের ধরন নির্ধারণ করা

কামিজের ডিজাইন যেমন — সিম্পল, ফ্লোরড, অ্যালাইন, প্যানেল, বা গাউন টাইপ — তার উপর নির্ভর করে ফ্যাব্রিকের পরিমাণ আলাদা হতে পারে।

ধাপ ৩: গড় হিসাব (General Estimation)

সাধারণত নিচের নিয়মে কাপড় নির্ধারণ করা হয়:

কামিজের ধরন	গড় ফ্যাব্রিক পরিমাণ (আনুমানিক)
সিম্পল কামিজ	২.৫ মিটার
লম্বা কামিজ	২.৭৫ – ৩ মিটার
ফ্লোরড কামিজ	৩ – ৩.৫ মিটার
কামিজ + হাতা	লম্বা কামিজের দৈর্ঘ্য + হাতার দৈর্ঘ্য = মোট প্রয়োজনীয় দৈর্ঘ্য
ওড়না বা শাল	২ – ২.২৫ মিটার
প্যান্ট/সালোয়ার	২ – ২.২৫ মিটার

ধাপ ৪: কাপড়ের প্রস্থ (Fabric Width) বিবেচনা করা

কাপড় সাধারণত দুটি প্রস্থে পাওয়া যায়:

- ৩৬ ইঞ্চি / ৯০ সেমি (ন্যারো)
- ৪৪–৬০ ইঞ্চি / ১১২–১৫০ সেমি (ওয়াইড)

ওয়াইড কাপড়ে কম পরিমাণে কাপড় লাগে, কারণ এতে বেশি অংশ কাটা যায়।

উদাহরণস্বরূপ হিসাব:

ধরা যাক, ক্লায়েন্টের কামিজের লম্বা ৪২ ইঞ্চি এবং ফুল হাতা ২২ ইঞ্চি।

তাহলে প্রয়োজনীয় ফ্যাব্রিক:

$$৪২ + ২২ = ৬৪ \text{ ইঞ্চি (প্রায় } ১.৭৫ \text{ মিটার)}$$

কাটিং ও সেলাইয়ের মার্জিনসহ ২.২৫ মিটার কাপড় নেওয়া উচিত।

অতিরিক্ত অংশ হিসেব করা:

- নকশা বা লেছ থাকলে
- ঘের বেশি হলে
- জামার পেছনে বা সামনে ডিজাইন থাকলে
→ অতিরিক্ত ০.২৫–০.৫ মিটার কাপড় রাখতে হয়।

এইভাবে হিসাব করে সঠিক পরিমাণে কাপড় কিনে নেওয়া যায় এবং অপচয়ও রোধ করা যায়।

১.৬. কাপড়ের ধরন

কামিজ তৈরির জন্য বিভিন্ন ধরনের কাপড় ব্যবহার করা হয়। কাপড়ের গুণমান, টেক্সচার, আরাম ও উপযুক্ততা অনুযায়ী কাপড় নির্বাচন করতে হয়। নিচে কিছু সাধারণ ও জনপ্রিয় কাপড়ের নাম এবং তাদের বৈশিষ্ট্য দেওয়া হলো:

কাপড়ের নাম	বৈশিষ্ট্যসমূহ
পলিয়েস্টার (Polyester)	<ul style="list-style-type: none"> • কৃত্রিম কাপড় • টেকসই ও দ্রুত শুকায় • ভাঁজ পড়ে না, আয়রন সহজ • গরমে কিছুটা অস্বস্তিকর হতে পারে
পপলিন (Poplin)	<ul style="list-style-type: none"> • মসৃণ ও হালকা • অফিস বা দৈনন্দিন ব্যবহারে উপযোগী • সহজে সেলাইযোগ্য ও আরামদায়ক
সিল্ক (Silk)	<ul style="list-style-type: none"> • চকচকে ও কোমল • উৎসব/অনুষ্ঠানের জন্য উপযোগী • যত্নের সাথে পরিষ্কার করতে হয়
TC / PC (৬৫/৩৫)	<ul style="list-style-type: none"> • ৬৫% পলিয়েস্টার + ৩৫% কটন • মজবুত ও টেকসই • ইউনিফর্মে ব্যবহৃত হয়
ভয়েল (Voile)	<ul style="list-style-type: none"> • পাতলা ও হালকা • ওড়না ও লেয়ারিং এর জন্য উপযোগী • গরমের জন্য আরামদায়ক
লিনেন (Linen)	<ul style="list-style-type: none"> • প্রাকৃতিক ও আরামদায়ক • শুক্ক আবহাওয়ায় ভালো • আয়রন করা কিছুটা কঠিন
জর্জেট (Georgette)	<ul style="list-style-type: none"> • হালকা ও বুলবুলে • ফ্লোরড ও লেয়ারড কামিজে ব্যবহৃত • সেলাই করার সময় বেশি যত্ন দরকার
লেংথ ওয়াইজ গ্রেইন (Lengthwise Grain)	<ul style="list-style-type: none"> • কাপড়ের লম্বালম্বি সোজা দিক • ফিটিং ভালো হয় • কম সঙ্কোচন হয়

সেলফ চেক (Self Check)- ১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

১. ফিংগার গার্ড কী এবং এটি কী কাজে ব্যবহার হয়?

উত্তর:

২. এ্যাপ্রোন ব্যবহারের উপকারিতা কী?

উত্তর:

৩. স্কার্ফ কেন পরা হয় সেলাইয়ের সময়?

উত্তর:

৪. গ্রাহকের চাহিদা বুঝে ডিজাইন তৈরি করার প্রথম ধাপ কী?

উত্তর:

৫. সঠিক ফ্যাব্রিক পরিমাণ নির্ধারণের জন্য কোন দুটি বিষয় গুরুত্বপূর্ণ?

উত্তর:

উত্তরপত্র (Answer Key)-১: কামিজ তৈরির জন্য প্রস্তুতি গ্রহন করা

১. ফিংগার গার্ড কী এবং এটি কী কাজে ব্যবহার হয়?

উত্তর: ফিংগার গার্ড আঙুলকে সুই বা সেলাই যন্ত্রের আঘাত থেকে রক্ষা করে। এটি নিরাপদে সেলাই করার জন্য ব্যবহৃত হয়।

২. এ্যাপ্রোন ব্যবহারের উপকারিতা কী?

উত্তর: এ্যাপ্রোন শরীর ও কাপড়কে ময়লা ও দাগ থেকে রক্ষা করে। এটি সেলাই বা রান্নার সময় ব্যবহৃত হয়।

৩. স্কার্ফ কেন পরা হয় সেলাইয়ের সময়?

উত্তর: স্কার্ফ মাথা, গলা ও চুলকে ঢেকে সুরক্ষিত রাখে। এটি চুলকে মেশিনে জড়িয়ে যাওয়ার ঝুঁকি থেকে বাঁচায়।

৪. গ্রাহকের চাহিদা বুঝে ডিজাইন তৈরি করার প্রথম ধাপ কী?

উত্তর: প্রথম ধাপে গ্রাহকের মাপ ও পছন্দ নিয়ে আলোচনা করা হয়। এর মাধ্যমে পোশাকের ধরন নির্ধারণ সহজ হয়।

৫. সঠিক ফ্যাব্রিক পরিমাণ নির্ধারণের জন্য কোন দুটি বিষয় গুরুত্বপূর্ণ?

উত্তর: শারীরিক পরিমাপ ও কাপড়ের ধরন বিবেচনায় নিতে হয়। এতে কাপড় কম-বেশি হওয়া থেকে রক্ষা পাওয়া যায়।

টাস্ক শিট ১.১: গ্রাহকের সাথে পরামর্শ করে গ্রাহকদের চাহিদা নির্ধারিত করুন

পদক্ষেপ:

১. গ্রাহকের সাথে সাক্ষাৎ করুন এবং তাদের পছন্দ এবং চাহিদা সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন।
২. গ্রাহকের জন্য আদর্শ ডিজাইন এবং স্টাইল নির্বাচন করুন (ফিট, লম্বা, স্লিভের স্টাইল, কলার এবং অন্যান্য বৈশিষ্ট্য)।
৩. কাপড় এবং ফ্যাব্রিকের ধরণ সম্পর্কে গ্রাহককে পরামর্শ দিন (শিফন, সিল্ক, লিনেন ইত্যাদি)।
৪. গ্রাহকের মাপ সংগ্রহ করুন (বুক, কোমর, হিপ, কাঁধ, হাতের দৈর্ঘ্য)।
৫. গ্রাহকের চাহিদা অনুযায়ী প্যাটার্ন তৈরি করুন এবং কাপড় নির্বাচন করুন।
৬. গ্রাহকের অনুমোদন নিয়ে কাজ শুরু করুন।

টাস্ক শিট ১.২: ক্লায়েন্টদের বিশেষ চাহিদার সাথে ডিজাইন নিশ্চিত করুন

পদক্ষেপ:

১. ক্লায়েন্টের চাহিদা বোঝা: ক্লায়েন্টের পছন্দ ও স্টাইল অনুসারে ডিজাইন নির্ধারণ করুন। তাদের বিশেষ চাহিদা, যেমন ফিট, ডিজাইন, কাস্টমাইজেশন ইত্যাদি যাচাই করুন।
২. ডিজাইন প্রস্তাবনা: ক্লায়েন্টকে ডিজাইন প্যাটার্নের বিভিন্ন বিকল্প দেখান এবং তাদের মতামত নিন।
৩. ফ্যাব্রিক নির্বাচন: ক্লায়েন্টের পছন্দের উপযোগী কাপড় এবং ফ্যাব্রিক নির্বাচন করুন।
৪. কাস্টমাইজেশন: ক্লায়েন্টের প্রয়োজন অনুযায়ী রঙ, কলার, স্লিভের ডিজাইন এবং অন্যান্য উপাদান পরিবর্তন করুন।
৫. ডিজাইন চূড়ান্তকরণ: ক্লায়েন্টের অনুমোদন নিয়ে চূড়ান্ত ডিজাইন নির্ধারণ করুন।
৬. ফিটিং চেক: ডিজাইন অনুযায়ী পোশাক সেলাই শুরু করার আগে ক্লায়েন্টের মাপ নিন এবং প্রথম ফিটিং পরীক্ষা করুন।
৭. ফাইনাল ডিজাইন নিশ্চিতকরণ: সঠিক ডিজাইন নিশ্চিত করতে ক্লায়েন্টের সাথে পুনরায় পরামর্শ করুন।

টাস্ক শিট ১.৩: শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন

পদক্ষেপ:

১. শরীরের পরিমাপ নেয়ার প্রস্তুতি:
ক্লায়েন্টকে প্রস্তুত করতে বলুন এবং তাদের যেসব পোশাক পরেন তা পরিবর্তন করতে বলুন যাতে সঠিক পরিমাপ নেওয়া যায়।
২. মাপ নেওয়ার স্থান:
সোজা দাঁড়ানো অবস্থায় ক্লায়েন্টকে রাখুন এবং মাপ নেওয়ার জন্য একটি সফট ফিতা বা মাপের ফিতা ব্যবহার করুন।
৩. প্রয়োজনীয় পরিমাপ:
নিচের পরিমাপগুলো নিন:
 - বুকের পরিমাপ (বুকের বিস্তার)
 - কোমরের পরিমাপ
 - হিপের পরিমাপ
 - হাঁটুর পরিমাপ
 - লম্বা (শরীরের মোট উচ্চতা)
 - হাতের দৈর্ঘ্য (হাতের হিপ থেকে কনুই পর্যন্ত)
 - পিছনের দৈর্ঘ্য
 - গলা পরিমাপ (যদি গলার ডিজাইন প্রয়োজন হয়)
৪. ক্লায়েন্টের সাথে পরিমাপ যাচাই:
ক্লায়েন্টকে সমস্ত পরিমাপ চেক করতে বলুন। নিশ্চিত করুন যে তাদের পছন্দ অনুযায়ী সঠিক পরিমাপ নেয়া হয়েছে।
৫. পরিমাপ রেকর্ড করা:
সমস্ত পরিমাপ সঠিকভাবে নোট করুন এবং পরবর্তী প্রক্রিয়ার জন্য তা রেকর্ড করে রাখুন।
৬. রেকর্ড চেক ও অনুমোদন:
ক্লায়েন্টের কাছ থেকে পরিমাপ রেকর্ড চেক করে অনুমোদন নিন।

স্পেশিফিকেশন শিট ১.৩: শরীরের পরিমাপ নিন এবং ক্লায়েন্টদের সাথে নিশ্চিত করে পরিমাপ রেকর্ড করুন

প্রয়োজনীয় পিপিই:

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	মাস্ক	পিস	১

প্রয়োজনীয় টুলস:

ক্রম	টুলস এর নাম	একক	পরিমাণ
১	মাপের ফিতা	মিটার	১
২	পিন	পিস	১
৩	প্যাটার্ন পেপার	পিস	১
৪	কাঁচি	পিস	১
৫	নোট বুক	পিস	১
৬	কলম	পিস	১

টাস্ক শিট ১.৪: পরিমাপ অনুযায়ী সিল্ক ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন

পদক্ষেপ:

১. **পরিমাপ সংগ্রহ:** গ্রাহকের শরীরের পরিমাপ নিন (লম্বা, বুক, কোমর, হিপ, হাতা ইত্যাদি)।
২. **ফ্যাব্রিকের পরিমাণ গণনা:** ডিজাইন অনুযায়ী প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ নির্ধারণ করুন (যেমন: সিল্কের জন্য প্রায় ২.৫ – ২.৭৫ মিটার)।
৩. **কাপড়ের ধরন ও গুণমান নির্বাচন:** গ্রাহকের পছন্দ অনুযায়ী সিল্ক কাপড় নির্বাচন করুন (রঙ, মসৃণতা, ঝলমলে ভাব ইত্যাদি যাচাই করে)।
৪. **কাপড় সংগ্রহ:** নির্ধারিত পরিমাণ ও ধরন অনুযায়ী কাপড় দোকান বা সরবরাহকারীর কাছ থেকে সংগ্রহ করুন।
৫. **কাপড় সংরক্ষণ:** কাপড় ভাঁজ না করে রোল করে শুকনো ও পরিষ্কার স্থানে সংরক্ষণ করুন।
৬. **গ্রাহকের যাচাই:** কাপড় ক্লায়েন্টকে দেখিয়ে চূড়ান্ত সম্মতি নিন (রঙ, ডিজাইন, টেক্সচার ইত্যাদি)।

স্পেশিফিকেশন শিট ১.৪: পরিমাপ অনুযায়ী ফ্যাব্রিকের পরিমাণ গণনা করে গ্রাহকের চাহিদা অনুযায়ী কাপড় সংগ্রহ করুন

প্রয়োজনীয় পিপিই

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	স্কার্ফ	পিস	১
২	এ্যাপ্রোন	পিস	১
৩	ফিংগার গার্ড	পিস	১

প্রয়োজনীয় টুলস

ক্রম	টুলস এর নাম	একক	পরিমাণ
১	পরিমাপের ফিতা	পিস	১
২	পেন্সিল/চক	পিস	১
৩	নোটবুক/মাপ লেখার খাতা	পিস	১

প্রয়োজনীয় ইকুইপমেন্টস

ক্রম	নাম	একক	পরিমাণ
১	কাপড় কাটার টেবিল	ইউনিট	১
২	হ্যাঞ্জার/রোলার স্ট্যান্ড	ইউনিট	১

প্রয়োজনীয় ম্যাটেরিয়াল

ক্রম	নাম	একক	পরিমাণ
১	সিল্ক ফ্যাব্রিক	মিটার	২.৫-২.৭৫ মিটার
২	ডিজাইন নমুনা ছবি	কপি	১
৩	সেলাইয়ের মার্জিন ফ্যাব্রিক	মিটার	০.২৫

শিখনফল ২ : কাপড় কাটতে পারবে

অ্যাসেসমেন্ট মানদন্ড	<ol style="list-style-type: none"> ১. কাজের প্রয়োজন অনুযায়ী কাপড় সেলাইর জন্য প্রস্তুতি নেয়া হয়। ২. প্রয়োজন হিসাবে কাপড় স্থাপন এবং পিন করা হয়েছে; ৩. পরিমাপ অনুযায়ী কাপড় মার্ক করা হয়েছে; ৪. মার্কিং অনুযায়ী কাপড় কাটা হয়েছে; ৫. কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করা হয়েছে;
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ডিভাইস ১০. প্রয়োজনীয় পিপিই ১১. প্রয়োজনীয় টুলস, ইকুইপমেন্ট এবং একসেসরিজ ১২. প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. কাপড় সেলাইর জন্য প্রস্তুতি <ul style="list-style-type: none"> ▪ ওয়াশিং ▪ ডাইং ▪ আয়রনিং ২. প্রয়োজন হিসাবে কাপড় স্থাপন এবং পিন করার পদ্ধতি ৩. পরিমাপ অনুযায়ী কাপড় মার্ক করার পদ্ধতি ৪. মার্কিং অনুযায়ী কাপড় কাটার পদ্ধতি ৫. কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করার গুরুত্ব
অ্যাক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> ১. সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. আলোচনা (Discussion) ২. উপস্থাপন (Presentation) ৩. প্রদর্শন (Demonstration) ৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice) ৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice) ৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work) ৭. সমস্যা সমাধান (Problem Solving) ৮. মাথাখাটানো (Brainstorming)
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) ৪. পোর্টফলিও (Portfolio)

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: কাপড় কাটতে পারা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কাপড় কাটতে পারা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : কাপড় কাটতে পারা
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ২.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন

ইনফরমেশন শীট (Information Sheet): ২: কাপড় কাটতে পারা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

- ২.১. কাপড় সেলাইর জন্য প্রস্তুতি
- ২.২. প্রয়োজন হিসাবে কাপড় স্থাপন এবং পিন করার পদ্ধতি
- ২.৩. পরিমাপ অনুযায়ী কাপড় মার্ক করার পদ্ধতি
- ২.৪. মার্কিং অনুযায়ী কাপড় কাটার পদ্ধতি
- ২.৫. কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করার গুরুত্ব

২.১. কাপড় সেলাইর জন্য প্রস্তুতি

ওয়াশিং (Washing)

সেলাইয়ের আগে কাপড় ধোয়া একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ধাপ, যা কাপড়ের গুণগত মান এবং সেলাইয়ের সফলতা নিশ্চিত করতে সাহায্য করে। সঠিকভাবে কাপড় ধোয়ার মাধ্যমে অনেক সমস্যা প্রতিরোধ করা যায়।

কাপড় ধোয়ার গুরুত্ব:

- **সঙ্কুচিত (Shrinkage):** অনেক কাপড় ধোয়ার পর সঙ্কুচিত হতে পারে, বিশেষ করে তুলা বা প্রাকৃতিক ফাইবার। কাপড় ধুয়ে সঠিকভাবে শুকানোর মাধ্যমে এটি প্রাথমিকভাবে সঙ্কুচিত হওয়ার সম্ভাবনা হ্রাস করা যায়, যা পরবর্তী সেলাইয়ে সমস্যা সৃষ্টি করতে পারে।
- **রঙের স্থায়িত্ব:** কাপড়ে যদি কোনো রঙের দাগ থাকে বা রঙ ফিকে হয়ে যায়, তা সেলাই করার সময় অন্য অংশে ছড়িয়ে পড়তে পারে। কাপড় ধুয়ে সেলাই করার আগে রঙের স্থায়িত্ব নিশ্চিত করা গুরুত্বপূর্ণ, যাতে সেলাইয়ের প্রক্রিয়া চলাকালে কোনো রঙের সমস্যা না হয়।
- **ময়লা ও রাসায়নিক দূরীকরণ:** কাপড়ের উপর বিভিন্ন ধরনের ময়লা, রাসায়নিক পদার্থ বা গন্ধ থাকতে পারে যা সেলাইয়ের সময় সমস্যা সৃষ্টি করতে পারে। ধোয়ার মাধ্যমে এগুলো দূর করা খুবই গুরুত্বপূর্ণ, কারণ এটি সেলাইয়ের পৃষ্ঠে কোনও অস্বাভাবিক প্রভাব ফেলবে না।

কিভাবে কাপড় ধুয়ে নেবেন:

- **হালকা ডিটারজেন্ট ব্যবহার করুন:** বিশেষ করে ডেলিকেট বা সূক্ষ্ম কাপড়ের জন্য হালকা ডিটারজেন্ট ব্যবহার করুন। শক্ত ডিটারজেন্ট কাপড়ের ফাইবারকে ক্ষতিগ্রস্ত করতে পারে, যা কাপড়ের স্থায়িত্ব কমিয়ে দেয়।
- **ঠান্ডা বা উষ্ণ জল ব্যবহার করুন:** কাপড়ের ধরন অনুযায়ী ঠান্ডা বা উষ্ণ জল ব্যবহার করুন। যেমন, সিল্ক বা উল কাপড়ের জন্য ঠান্ডা জল উপযুক্ত, আবার তুলা বা পলিয়েস্টার কাপড়ের জন্য উষ্ণ জল ব্যবহার করা যেতে পারে।

ডাইং (Dyeing)

যদি আপনি কাপড়ের রঙ পরিবর্তন করতে চান, তাহলে সেলাইয়ের আগে ডাইং করা উচিত। এর জন্য:

- **উপযুক্ত ডাই নির্বাচন করুন:** কাপড়ের ধরণ অনুযায়ী ডাই নির্বাচন করুন (যেমন, রং তুলার জন্য রঙ তুলার ডাই, সিন্থেটিক কাপড়ের জন্য সিন্থেটিক ডাই)।
- **নির্দিষ্ট নিয়ম মেনে ডাই করুন:** ডাইং প্রক্রিয়ায় কাপড়কে কতক্ষণ ডাইয়ে রাখতে হবে, ডাই কিভাবে প্রয়োগ করতে হবে তা নিশ্চিত করুন।
- **ডাই পরিস্কার করুন:** ডাইং পরবর্তী কাপড় ভালোভাবে ধুয়ে নিন যাতে অতিরিক্ত ডাই বেরিয়ে যায় না।

আয়রনিং (Ironing)

সেলাই শুরু করার আগে কাপড় ইস্ত্রি করা খুবই জরুরি। এতে সেলাই সুন্দর হয় এবং কাপড় ভালোভাবে বসে।

১. **কাপড় সোজা করা যায়:** ইস্ত্রি করলে কাপড়ের ভাঁজ, বলি বা ফোল্ড ঠিক হয়ে যায়। এতে কাপড় সেলাই করার সময় ভালোভাবে বসে।
২. **সেলাই সহজ হয়:** ইস্ত্রি করা কাপড়ে মেশিনে সেলাই করতে সহজ হয়। কাপড় নড়ে না, ফলে সেলাই ঠিকমতো হয়।
৩. **পোশাকের ফিনিশ সুন্দর হয়:** ইস্ত্রি করা কাপড়ে সেলাই করলে পোশাক দেখতে আরও পরিষ্কার ও পরিপাটি লাগে।



২.২. প্রয়োজন অনুযায়ী কাপড় স্থাপন এবং পিন করার পদ্ধতি

সেলাই করার সময় কাপড় সঠিকভাবে স্থাপন ও পিন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ যাতে সেলাইয়ের সময় কাপড় সরতে না পারে।

পদ্ধতি:

১. **কাপড় সোজা করে বিছানো:** কাপড়কে সমতল এবং সোজা স্থানে বিছিয়ে নিন, যাতে কোনো ভাঁজ বা ঝুঁক না থাকে।
২. **পিনের ব্যবহার:**
 - **সামনের এবং পিছনের অংশ:** কাপড়ের সামনের এবং পিছনের অংশগুলোকে মিলিয়ে পিন দিন।
 - **বাহুর গর্ত এবং গলার অংশ:** বাহুর গর্ত এবং গলার অংশ সঠিকভাবে মিলিয়ে পিন করুন।
৩. **পিনের দূরত্ব:** প্রতি ৫ থেকে ৬ ইঞ্চি (প্রায় ১২-১৫ সেন্টিমিটার) পর পর পিন দিন, যাতে কাপড় সেলাইয়ের সময় সরতে না পারে।

৪. পিনের সঠিক ব্যবহার: পিনগুলোকে কাপড়ের ভিতরের দিকে রাখুন যাতে বাহির থেকে দেখতে না আসে এবং সেলাইয়ের সময় পিন আটকে না যায়।

৫. বিশেষ অংশের পিনিং:

- বাটনহোল: বাটনহোলের স্থানে সঠিকভাবে পিন দিন।
- জিপার: জিপারের স্থানে পিন দিয়ে ঠিকমত সেলাই করার জন্য প্রস্তুত করুন।

২.৩. পরিমাপ অনুযায়ী কাপড় মার্ক করার পদ্ধতি

কাপড়ের সঠিক পরিমাপ নেওয়া এবং মার্ক করা সেলাইয়ের সফলতার জন্য অপরিহার্য।

পদ্ধতি:

১. পরিমাপ নেওয়া:

- বুকে, কোমর, কাঁধ ইত্যাদির সঠিক মাপ নিন।
- কামিজের লম্বা, বাহুর দৈর্ঘ্য ইত্যাদি মাপ নির্ধারণ করুন।

২. মার্কিং টুলস ব্যবহার করুন:

- চাক বা পেন্সিল: কাপড়ে মার্ক করার জন্য।
- প্যাঞ্চার বা ফেইস মার্কার: বিশেষ করে কালো বা কালো কাপড়ের জন্য।

৩. মার্কিংয়ের স্থান নির্ধারণ:

- সেলাইয়ের লাইনের নির্দিষ্ট স্থান চিহ্নিত করুন।
- গলার অংশ, বাটনহোল, ম্যানিক ইত্যাদি স্পষ্টভাবে মার্ক করুন।

৪. মার্কিংয়ের ধরণ:

- ডট বা লাইনে মার্ক করুন।
- অপরিহার্য অংশগুলো বিশেষ চিহ্ন দিন যাতে সেলাইয়ের সময় ভুল না হয়।

৫. দ্বৈত চেক: মার্ক করার পরে একটি বার আবার পরিমাপ করুন এবং নিশ্চিত করুন যে সব মার্ক সঠিক আছে।



২.৪. মার্কিং অনুযায়ী কাপড় কাটার পদ্ধতি

মার্কিং অনুযায়ী কাপড় কাটার সময় সঠিকতা বজায় রাখা অত্যন্ত জরুরি।

পদ্ধতি:

১. কাপড় সোজা করে রাখা: কাটার আগে কাপড়কে সম্পূর্ণভাবে সোজা করে নিন।
২. মার্কিং দেখে কাটুন: মার্কিং অনুযায়ী কাটার সময় সঠিকভাবে চিহ্নিত রেখাগুলো অনুসরণ করুন।
৩. কাঁচি সঠিকভাবে ব্যবহার করুন:
 - কাপড় কাটার জন্য ধারালো কাঁচি ব্যবহার করুন।
 - কাপড় কাটার সময় কাঁচি সরাসরি এবং মসৃণভাবে কাটুন।
৪. ডাবল চেক: কাটার আগে সব মার্কিং একবার দেখে নিন এবং নিশ্চিত করুন যে কোন ভুল কাটিং হচ্ছে না।
৫. সাধারণ রূপ:
 - ফরওয়ার্ড এবং ব্যাকপির অংশ আলাদা করে কাটুন।
 - বাহর অংশ, গলার অংশ ইত্যাদি আলাদাভাবে কাটুন।
৬. কাপড়ের নরম অংশ কাটার সময়: নরম কাপড় কাটার সময় কিছুটা অতিরিক্ত কাটতে পারেন যাতে সেলাইয়ের সময় সহজ হয়।



২.৫. কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করার গুরুত্ব

কাপড় কাটার পরে সব অংশের সঠিক চেক এবং বান্ডেল করা সেলাইয়ের সময় সঠিকতা বজায় রাখতে সাহায্য করে।

কেন এটি গুরুত্বপূর্ণ:

- সমস্ত অংশের উপস্থিতি নিশ্চিত: সামনের অংশ, পিছনের অংশ, বাহু, গলার অংশ ইত্যাদি সব অংশ ঠিক আছে কিনা তা নিশ্চিত করতে।
- কোনো অংশের ক্ষতি বা ত্রুটি আছে কিনা দেখা: কাপড় কাটার সময় কোনো অংশ ছড়িয়ে গেছে বা ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা পরীক্ষা করুন।
- বান্ডেল করা: কাপড়ের কাটিং কম্পোনেন্টগুলোকে আলাদা করে রাখতে হবে যাতে সেলাইয়ের সময় কোনো অংশ হারিয়ে না যায়। পিন বা ক্লিপ দিয়ে আলাদাভাবে বান্ডেল করুন।
- সংগঠিত রাখা: কাটিং কম্পোনেন্টগুলোকে একটি পৃথক স্থানে বা ড্রেতে রাখুন যাতে সেলাইয়ের সময় সহজে পাওয়া যায়।
- সঠিকতার নিশ্চয়তা: সব অংশ সঠিকভাবে কাটানো হয়েছে কিনা তা নিশ্চিত করতে।



সেলফ চেক শিট (Self Check Sheet)- ২: কাপড় কাটা

প্রশ্ন ১: সেলাই করার আগে কাপড় ধোয়ার প্রধান কারণ কী?

- ক) কাপড়ের টেক্সচার উন্নত করা
- খ) সঠিক সঙ্কুচিত হওয়া এবং রাসায়নিক অবশিষ্টাংশ দূর করা
- গ) কাপড়ের রঙ পরিবর্তন করা
- ঘ) কাপড় নরম করা

প্রশ্ন ২: সেলাইয়ের জন্য কাপড় পিন করার সময় পিনগুলি কতটা দূরে দূরে রাখা উচিত?

- ক) প্রতি ১ ইঞ্চি
- খ) প্রতি ৫ থেকে ৬ ইঞ্চি
- গ) প্রতি ১০ থেকে ১২ ইঞ্চি
- ঘ) প্রতি ২ ইঞ্চি

প্রশ্ন ৩: সেলাইয়ের আগে কাপড় সঠিকভাবে ইস্ত্রি করার পদ্ধতি কী?

- ক) সর্বোচ্চ তাপমাত্রায় ইস্ত্রি করা
- খ) শুধুমাত্র তুলা কাপড় ইস্ত্রি করা
- গ) কাপড়ের মোর এবং ভাঁজ সঠিকভাবে শৃঙ্খলিত করা, যাতে সেলাইয়ের সময় সহজ হয়
- ঘ) সূক্ষ্ম কাপড়ে ইস্ত্রি করা এড়িয়ে চলা

প্রশ্ন ৪: মার্কিং অনুযায়ী কাপড় কাটার আগে কী করা উচিত?

- ক) কাপড় ভিজিয়ে ফেলা
- খ) কাপড় ছোট ছোট টুকরো করে কাটানো
- গ) কাপড় সোজা করে বিছানো এবং মার্কিং সঠিকভাবে দেখা
- ঘ) কাপড় মোড়ানো

প্রশ্ন ৫: কাপড় কাটার পর কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করার গুরুত্ব কী?

- ক) সমস্ত অংশ সঠিক এবং ক্ষতিগ্রস্ত নয় তা নিশ্চিত করা
- খ) কাপড় সেলাইয়ের জন্য আরও সহজ করে তোলা
- গ) কাপড়ের মুচড়ানো দূর করা
- ঘ) কাপড়ের রঙ পরিবর্তন করা

উত্তর পত্র (Answer Key)- ২: কাপড় কাটা

প্রশ্ন ১: সেলাই করার আগে কাপড় ধোয়ার প্রধান কারণ কী?

- ক) কাপড়ের টেক্সচার উন্নত করা
- খ) সঠিক সঙ্কুচিত হওয়া এবং রাসায়নিক অবশিষ্টাংশ দূর করা
- গ) কাপড়ের রঙ পরিবর্তন করা
- ঘ) কাপড় নরম করা

উত্তর: খ) সঠিক সঙ্কুচিত হওয়া এবং রাসায়নিক অবশিষ্টাংশ দূর করা

প্রশ্ন ২: সেলাইয়ের জন্য কাপড় পিন করার সময় পিনগুলি কতটা দূরে দূরে রাখা উচিত?

- ক) প্রতি ১ ইঞ্চি
- খ) প্রতি ৫ থেকে ৬ ইঞ্চি
- গ) প্রতি ১০ থেকে ১২ ইঞ্চি
- ঘ) প্রতি ২ ইঞ্চি

উত্তর: খ) প্রতি ৫ থেকে ৬ ইঞ্চি

প্রশ্ন ৩: সেলাইয়ের আগে কাপড় সঠিকভাবে ইস্ত্রি করার পদ্ধতি কী?

- ক) সর্বোচ্চ তাপমাত্রায় ইস্ত্রি করা
- খ) শুধুমাত্র তুলা কাপড় ইস্ত্রি করা
- গ) কাপড়ের মোর এবং ভাঁজ সঠিকভাবে শৃঙ্খলিত করা, যাতে সেলাইয়ের সময় সহজ হয়
- ঘ) সূক্ষ্ম কাপড়ে ইস্ত্রি করা এড়িয়ে চলা

উত্তর: গ) কাপড়ের মোর এবং ভাঁজ সঠিকভাবে শৃঙ্খলিত করা, যাতে সেলাইয়ের সময় সহজ হয়

প্রশ্ন ৪: মার্কিং অনুযায়ী কাপড় কাটার আগে কী করা উচিত?

- ক) কাপড় ভিজিয়ে ফেলা
- খ) কাপড় ছোট ছোট টুকরো করে কাটানো
- গ) কাপড় সোজা করে বিছানো এবং মার্কিং সঠিকভাবে দেখা
- ঘ) কাপড় মোড়ানো

উত্তর: গ) কাপড় সোজা করে বিছানো এবং মার্কিং সঠিকভাবে দেখা

প্রশ্ন ৫: কাপড় কাটার পর কাটিং কম্পোনেন্ট চেক এবং বান্ডেল করার গুরুত্ব কী?

- ক) সমস্ত অংশ সঠিক এবং ক্ষতিগ্রস্ত নয় তা নিশ্চিত করা
- খ) কাপড় সেলাইয়ের জন্য আরও সহজ করে তোলা
- গ) কাপড়ের মুচড়ানো দূর করা
- ঘ) কাপড়ের রঙ পরিবর্তন করা

উত্তর: ক) সমস্ত অংশ সঠিক এবং ক্ষতিগ্রস্ত নয় তা নিশ্চিত করা

টাস্ক শিট ২.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন

পদক্ষেপ:

১. কাপড় প্রস্তুতি:

- প্রথমে কাপড়টি সোজা করে ভালোভাবে আয়রন করুন, যাতে কোনও ভাঁজ বা ফোল্ড না থাকে।
- কাপড়ের প্রকৃতি (সিল্ক, শিফন ইত্যাদি) অনুযায়ী সঠিক কাটিং টেকনিক নির্বাচন করুন।

২. প্যাটার্ন তৈরি:

- কামিজের জন্য প্যাটার্ন পেপারে প্রয়োজনীয় ডিজাইন তৈরি করুন।
- প্যাটার্নের আকার এবং পরিমাপ গ্রাহকের নির্ধারিত আকারের সঙ্গে মেলাতে হবে।

৩. কাপড়ের উপরে প্যাটার্ন রাখুন:

- প্যাটার্নটি কাপড়ের উপরে সঠিকভাবে বসিয়ে রাখুন, যাতে কাটার সময় অতিরিক্ত কাপড় নষ্ট না হয়।
- প্যাটার্নটি সেলাইয়ের জন্য উপযুক্তভাবে চিহ্নিত করুন (যেমন, মার্কিং চায়নার, পেন্সিল, বা সেলাই মার্কার দিয়ে)।

৪. কাপড় কাটা:

- প্যাটার্ন অনুসারে কাপড়টি কাটুন, একটি পিস থেকে আরেকটি পিস আলাদা করে নিন।
- সঠিক মাত্রায় কাটা নিশ্চিত করুন, যাতে সেলাইয়ের পর পরিষ্কার এবং সঠিক ফিট পাওয়া যায়।

৫. কাটার পর কাপড়ের পর্যালোচনা:

- কাটার পর, কাপড়ের পরিমাপ এবং কাটা অংশ পুনরায় চেক করুন। কোন অংশে ত্রুটি থাকলে তা সংশোধন করুন।

৬. কাপড় প্রস্তুত করা:

- কাটা অংশগুলো প্রস্তুত থাকলে তা সেলাইয়ের জন্য পিন দিয়ে স্থির করুন।

স্পেশিফিকেশন শিট ২.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ সেলাই করার জন্য কাপড় কাটুন

প্রয়োজনীয় পিপিই:

ক্রম	পিপিই এর নাম	একক	পরিমাণ
১	সেলাইয়ের গ্লোভস	জোড়া	১
২	সুরক্ষা চশমা	সেট	১
৩	মাস্ক	পিস	১

প্রয়োজনীয় টুলস:

ক্রম	টুলস এর নাম	একক	পরিমাণ
১	কাপড় পরিমাপের ফিতা	মিটার	১
২	কাটার বা কাঁচি	পিস	১
৩	প্যাটার্ন পেপার	পিস	১
৪	পিন	পিস	২০-৩০

প্রয়োজনীয় ইকুইপমেন্টস:

ক্রম	নাম	একক	পরিমাণ
১	Scissors	পিস	১
২	আয়রন	পিস	১

প্রয়োজনীয় ম্যাটেরিয়াল:

ক্রম	নাম	একক	পরিমাণ
১	কাপড় (শিফন, সিল্ক)	মিটার	১-২ মিটার
২	সেলাই থ্রেড	পিস	১

শিখনফল -৩: কামিজ সেলাই করা

<p>অ্যাসেসমেন্ট মানদন্ড</p>	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্রের মান অনুযায়ী সেলাই মেশিন পরিষ্কার করা হয়েছে; ২. কাজের প্রয়োজন অনুযায়ী থ্রেড টেনশন এবং SPI এডজাস্ট করা হয়েছে; ৩. সঠিক কার্যকারিতা পরীক্ষা করার জন্য মেশিনের ট্রাইয়াল রান করা হয়েছে; ৪. কাটা কাপড় এবং ম্যাটেরিয়ালস সংগ্রহ করা হয়েছে; ৫. ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে কামিজ সেলাই করা হয়েছে; ৬. ডিজাইন অনুযায়ী ট্রিম সংযোগ করা হয় ৭. প্রয়োজন অনুযায়ী ওভারলকিং করা হয়েছে; ৮. সেলাই ত্রুটি পরীক্ষা করা হয়েছে; এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী সংশোধন করা হয়েছে; ৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করা হয়
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ ২. সিবিএলএম ৩. হ্যান্ডআউটস ৪. ল্যাপটপ ৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর ৬. কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার ৭. ইন্টারনেট সুবিধা ৮. হোয়াইট বোর্ড ও মার্কার ৯. অডিও ভিডিও ভিভাইস ১০. প্রয়োজনীয় টুলস এন্ড ইকুইপমেন্ট ১১. প্রয়োজনীয় মেটেরিয়ালস ১২. প্রয়োজনীয় পিপিই
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. সেলাই মেশিন পরিষ্কার করার প্রয়োজনীয়তা ২. স্টিচ পার ইঞ্চি (SPI) ৩. থ্রেড টেনশন এবং SPI এডজাস্ট করার গুরুত্ব ৪. থ্রেডিং পদ্ধতি ৫. ট্রাইয়াল রান ৬. মেশিনের ট্রাইয়াল রান করার প্রয়োজনীয়তা ৭. ম্যাটেরিয়ালস <ul style="list-style-type: none"> ▪ থ্রেড ▪ ইলাস্টিক ▪ ইন্টারলাইনিং ▪ স্ল্যাপ বাটন ▪ ট্রিম ▪ জিপার ৮. ট্রিম ও এক্সেসরিজ সংযোগের প্রয়োজনীয়তা ৯. ওভারলকিং

	<p>১০. সেলাই ত্রুটি সমূহ</p> <ul style="list-style-type: none"> ▪ লুজ স্টিচ ▪ পাকারিং ▪ ব্রোকেন স্টিচ ▪ ফলস স্টিচ ▪ ফ্লোটিং স্টিচ ▪ আনইভেন স্টিচ ▪ গ্রীজ/তেল স্পট <p>১১. সেলাইর ত্রুটির কারনসমূহ</p> <p>১২. ত্রুটি পরীক্ষা করার পদ্ধতি</p> <p>১৩. ত্রুটি সংশোধন করার পদ্ধতি</p> <p>১৪. ফিনিশিং কাজ সমূহ</p> <ul style="list-style-type: none"> ▪ আয়রনিং ▪ ফোল্ডিং ▪ হ্যাংগিং ▪ প্যাকেজিং
অ্যাক্টিভিটি/টাস্ক/জব	<p>১. সকল ধাপ অনুসরণ করে কামিজ ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী সেলাই করুন</p> <p>২. সেলাই ত্রুটি পরীক্ষা করুন এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী সংশোধন করুন</p> <p>৩. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করুন</p>
প্রশিক্ষণ পদ্ধতি	<p>১. আলোচনা (Discussion)</p> <p>২. উপস্থাপন (Presentation)</p> <p>৩. প্রদর্শন (Demonstration)</p> <p>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</p> <p>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</p> <p>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</p> <p>৭. সমস্যা সমাধান (Problem Solving)</p> <p>৮. মাথাখাটানো (Brainstorming)</p>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<p>১. লিখিত অভীক্ষা (Written Test)</p> <p>২. প্রদর্শন (Demonstration)</p> <p>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</p> <p>৪. পোর্টফলিও (Portfolio)</p>

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: কামিজ সেলাই করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “কামিজ সেলাই করা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ৩ : কামিজ সেলাই করা
৩. সেলফ চেক প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ৩.১: সকল ধাপ অনুসরণ করে কামিজ ডিজাইন এবং পরিমাপ অনুযায়ী সেলাই করুন টাস্ক শিট ৩.২: সেলাই ত্রুটি পরীক্ষা করুন এবং স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী সংশোধন করুন টাস্ক শিট ৩.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ফিনিশিং কাজ সম্পন্ন করুন

ইনফরমেশন শিট (Information Sheet): ৩: কামিজ সেলাই করা

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে-

- ৩.১. সেলাই মেশিন পরিষ্কার করার প্রয়োজনীয়তা
- ৩.২. স্টিচ পার ইঞ্চ (SPI)
- ৩.৩. থ্রেড টেনশন এবং SPI এডজাস্ট করার গুরুত্ব
- ৩.৪. থ্রেডিং পদ্ধতি
- ৩.৫. ট্রায়াল রান
- ৩.৬. মেশিনের ট্রাইয়াল রান করার প্রয়োজনীয়তা
- ৩.৭. ম্যাটেরিয়ালস
- ৩.৮. ট্রিম ও এক্সেসরিজ সংযোগের প্রয়োজনীয়তা
- ৩.৯. ওভারলকিং
- ৩.১০. সেলাই ত্রুটি সমূহ
- ৩.১১. সেলাইর ত্রুটির কারনসমূহ
- ৩.১২. ত্রুটি পরীক্ষা করার পদ্ধতি
- ৩.১৩. ত্রুটি সংশোধন করার পদ্ধতি
- ৩.১৪. ফিনিশিং কাজ সমূহ

৩.১. সেলাই মেশিন পরিষ্কার করার প্রয়োজনীয়তা

সেলাই মেশিন পরিষ্কার করার প্রয়োজনীয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি মেশিনের কার্যকারিতা এবং দীর্ঘস্থায়িত্ব নিশ্চিত করে। এখানে কেন সেলাই মেশিন পরিষ্কার করা জরুরি তা বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হলো:

১. **দীর্ঘস্থায়িত্ব:** নিয়মিত পরিষ্কার মেশিনের যন্ত্রাংশের ক্ষয় রোধ করে, ফলে মেশিনের জীবদ্দশা বাড়ায়। ধূলা বা ফাইবার জমে মেশিনের অংশগুলি দ্রুত ক্ষয় হতে পারে, কিন্তু পরিষ্কার রাখা হলে তা দীর্ঘ সময় ভালো অবস্থায় থাকে।
২. **সেলাইয়ের গুণগত মান:** মেশিন পরিষ্কার না রাখলে ধূলা, সুতা, ফাইবার ইত্যাদি জমে মেশিনের ভিতরে এবং সেলাইয়ের সময় বাধা সৃষ্টি করতে পারে। এর ফলে সেলাইয়ের গুণমান কমে যায় এবং এটি নিখুঁত সেলাইয়ের জন্য ক্ষতিকর হতে পারে।
৩. **ত্রুটি প্রতিরোধ:** মেশিনের যন্ত্রাংশে জমে থাকা ধূলা বা ফাইবার মেশিনের সঠিক কর্মক্ষমতা বিঘ্নিত করতে পারে, যা সেলাইয়ের ত্রুটি সৃষ্টি করে। এই ধরনের ত্রুটি প্রতিরোধে পরিষ্কার মেশিন অপরিহার্য।

৩.২. স্টিচ পার ইঞ্চ (SPI)

স্টিচ পার ইঞ্চ (SPI) একটি পরিমাপ যা সেলাইয়ের ঘনত্ব নির্ধারণ করে। এটি একটি সাধারণ একক যা সেলাইয়ের প্রস্থ এবং সেলাইয়ের মধ্যে ব্যবধানের পরিমাপ হিসেবে ব্যবহৃত হয়। **SPI** পরিমাপের মাধ্যমে জানা যায়, একটি ইঞ্চি সেলাইয়ে মোট কতটি সেলাই রয়েছে।



স্টিচ পার ইঞ্চ (SPI) এর গুরুত্ব:

- **স্টিচের ঘনত্ব:** SPI নির্ধারণ করে সেলাইয়ের ঘনত্ব, অর্থাৎ সেলাইয়ের প্রতি ইঞ্চিতে কতগুলো সেলাই থাকবে। উদাহরণস্বরূপ, একটি উচ্চ SPI মান মানে খুব ঘন সেলাই, যেখানে কম SPI মান মানে সেলাইগুলো একটু দূরে থাকবে।
- **সামগ্রী অনুযায়ী নির্বাচন:** বিভিন্ন ধরনের কাপড়ের জন্য বিভিন্ন SPI প্রয়োজন। উদাহরণস্বরূপ, পাতলা কাপড়ের জন্য সাধারণত উচ্চ SPI (ধনী সেলাই) প্রয়োজন, যাতে এটি শক্তিশালী হয় এবং কম SPI ব্যবহার করলে ভারী কাপড়ের জন্য সুবিধাজনক হয়।
- **সেলাইয়ের দৃঢ়তা:** একটি উচ্চ SPI মান সেলাইয়ের দৃঢ়তা বৃদ্ধি করে, কারণ ঘন সেলাই কাপড়ের মধ্যে শক্তভাবে আবদ্ধ থাকে। এটি পোশাকের টেকসইতা বাড়ায় এবং দ্রুত ফেটে যাওয়ার ঝুঁকি কমায়।
- **কাজের ধরণ:** বিভিন্ন ধরনের সেলাই কাজের জন্য (যেমন, শো বা সেলাইয়ের সীমানা) নির্দিষ্ট SPI প্রয়োজন। সেলাইয়ের ঘনত্বের মাধ্যমে, ডিজাইন এবং কার্যকারিতার মধ্যে একটি সঠিক ভারসাম্য বজায় রাখা সম্ভব।

SPI সাধারণ পরিসীমা:

- **বাজে বা কম SPI (৬-৮ SPI):** সাধারণত ভারী বা শক্ত কাপড়ের জন্য ব্যবহার করা হয়, যেখানে সেলাই গুলি একটু বিচ্ছিন্ন থাকে।
- **মাঝারি SPI (১০-১২ SPI):** সাধারণ দৈনন্দিন কাপড়ের সেলাইয়ের জন্য ব্যবহৃত হয়, যেমন প্যান্ট, শার্ট ইত্যাদি।
- **উচ্চ SPI (১৪-২০ SPI):** পাতলা কাপড় বা বিশেষ কাজে, যেমন সূতির কাপড় বা ফ্যাশন ডিজাইনগুলির জন্য প্রযোজ্য, যেখানে সেলাই ঘন এবং মসৃণ হতে হয়।

৩.৩. শ্লেড টেনশন এবং SPI এডজাস্ট করার গুরুত্ব

শ্লেড টেনশন এবং SPI এডজাস্ট করা গুরুত্বপূর্ণ, কারণ এই দুটি উপাদান সেলাইয়ের গুণগত মান এবং কার্যকারিতা নির্ধারণ করে। এখানে তাদের বিস্তারিত ব্যাখ্যা:

শ্লেড টেনশন: শ্লেড টেনশন হল মেশিনের দুই শ্লেড (উপরে এবং নিচে) এর মধ্যে শক্তি বা টান, যা সেলাইয়ের স্ট্রাকচার নির্ধারণ করে। শ্লেড টেনশন সঠিকভাবে সেট করা না হলে, সেলাইয়ের সারফেসে সমস্যা হতে পারে, যেমন ছিঁড়ে যাওয়া, অতিরিক্ত ঢিলা বা শক্ত সেলাই।

